**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 20-03-2026** **Desk in Charge: SDG**
**Time: 1-40 PM** **Compile : Prabal Banerjee**
**DEO: KB** **NRT: Prabal B.**
**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ–

## বিশেষ বিশেষ খবর –

১/ রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি পর্ব খতিয়ে দেখতে নির্বাচন কমিশন, ভিডিও কনফারেন্সের মাধ্যমে আজ জেলা নির্বাচনী আধিকারিক ও পুলিশ কর্তাদের সঙ্গে বৈঠক করছে।
# বিকেলে নির্বাচনে কাজে যুক্ত সব পর্যবেক্ষকদের সঙ্গে আরেকটি বৈঠক'ও হওয়ার কথা।
২/ বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থী তালিকা প্রকাশের পর থেকেই জেলায় জেলায় বিক্ষোভ।

৩/ মুর্শিদাবাদের বহরমপুরের হরিদাসমাটি এবং নওদায়, গতকাল বোমা উদ্ধারকে কেন্দ্র করে উত্তেজনা ছড়িয়েছে।

৪/ কলকাতার RG KAR হাসপাতালে লিফটে আটকে পড়ে এক ব্যক্তির মৃত্যু ঘিরে চাঞ্চল্য।

৫/ ISL ফুটবলে যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ মোহনবাগান সুপার জায়ান্ট, মুম্বাই সিটি এফ সি-র বিরূদ্ধে খেলবে।

*****************************************************************

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি পর্ব খতিয়ে দেখতে নির্বাচন কমিশন, ভিডিও কনফারেন্সের মাধ্যমে আজ জেলা নির্বাচনী আধিকারিক ও পুলিশ কর্তাদের সঙ্গে বৈঠক করছে।

কমিশনের প্রতিনিধিরা ছাড়াও বৈঠকে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক, অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক সহ সব জেলা নির্বাচনী আধিকারিক, পুলিশ কমিশনার এবং জেলা পুলিশ সুপারদের বৈঠকে থাকছেন।

অন্যদিকে, আজ বিকেল চারটেয়, নির্বাচনে কাজে যুক্ত সব পর্যবেক্ষকদের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে আরেকটি বৈঠক হওয়ার কথা। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস, অরিন্দম নিয়োগী সহ স্পেশাল অবজারভার সুব্রত গুপ্ত, স্পেশাল পুলিশ অবজারভার N K Mishra সহ কমিশনের প্রিন্সিপাল সেক্রেটারি B C Patra, Vibhor Agarwal উপস্থিত থাকবেন বলে জানা গেছে।

**************************

আসন্ন বিধানসভা নির্বাচনে প্রবীণ, বিশেষভাবে সক্ষম এবং কর্তব্যরত ভোটদাতাদের সুবিধার্থে নির্বাচন কমিশন, বিশেষ ব্যবস্থা নিয়েছে। কমিশনের নির্দেশিকা অনুযায়ী, ৮৫ বছরের বেশি বয়সী এবং ভোটার তালিকায় চিহ্নিত ভিন্ন ভাবে সক্ষম ভোটদাতারা 'ফর্ম ১২ডি'-এর মাধ্যমে আবেদন করে বাড়িতে বসেই ভোট দিতে পারবেন। নির্দিষ্ট সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের কাছে আবেদন জমা দিতে হবে। তার ভিত্তিতে নির্ধারিত সূচি অনুযায়ী বাড়ি বাড়ি গিয়ে ভোট সংগ্রহ করবে কমিশনের দল।

এছাড়াও জরুরি পরিষেবায় যুক্ত কর্মীরাও পোস্টাল ব্যালটের সুবিধা পাবেন। অগ্নিনির্বাপক পরিষেবা, স্বাস্থ্য, বিদ্যুৎ, ট্রাফিক, অ্যাম্বুল্যান্স, বিমান পরিষেবা এবং দূরপাল্লার সরকারি পরিবহন পরিষেবার সঙ্গে যুক্ত কর্মীরা এই ব্যবস্থার আওতায় পড়বেন। নির্বাচনী দায়িত্বে থাকা কর্মীদের ক্ষেত্রেও এই সুবিধা প্রযোজ্য। তাঁরা নির্দিষ্ট কেন্দ্রে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দিয়ে তা জমা করতে পারবেন।

**************************

রাজ্যের IAS, IPS আধিকারিকদের নির্বাচন কমিশন যে বদলী করছে, তার বৈধতা নিয়ে হাইকোর্টে আবেদন তৃণমূল কংগ্রেসের।
রাজ্যের আইএএস, আইপিএস অফিসারদের অন্য রাজ্যে স্থানান্তরিত করার বিরুদ্ধে হাইকোর্টে মামলা দায়ের করার আবেদন করেছেন আইনজীবী তৃণমূল কংগ্রেস সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়। তাঁর বক্তব্য, নির্বাচন কমিশনের দায়িত্ব নির্বাচন সংঘটিত করা। কিন্তু প্রশাসনের সমস্ত বিভাগের উচ্চপদস্থ আধিকারিকদের অন্য রাজ্যে স্থানান্তরের অধিকার নির্বাচন কমিশনের নেই। এতে প্রশাসনিক কাজ ব্যাহত হয়।
নির্বাচন কমিশনের এই সিদ্ধান্তের ওপর স্থগিতাদেশ চেয়ে কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের করার আবেদন জানিয়েছেন তিনি। প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ মামলা দায়েরের অনুমতি দিয়েছেন।

আগামী সোমবার মামলার শুনানির সম্ভাবনা।

**************************

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, তাঁর বিরুদ্ধে কোন্ থানায় কতগুলো অভিযোগ বা FIR রয়েছে, পুলিশের কাছে তা জানতে চেয়ে হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন। তাঁর আইনজীবী অনীশ মুখার্জি, বিচারপতি সৌগত ভট্টাচার্যের বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করে, রাজ্যের বিভিন্ন থানায় বিরোধী দলনেতার বিরুদ্ধে কোথায় কত অভিযোগ রয়েছে, তা জানাতে বলেছেন। এই বিষয়ে মামলা দায়ের করারও আর্জি জানিয়েছেন তিনি। বিচারপচি এই মামলা দায়েরের অনুমতি দিয়েছেন। আগামী ২৪ মার্চ এর শুনানি।

উল্লেখ্য, চলতি বিধানসভা নির্বাচনে শুভেন্দু অধাকারী নন্দীগ্রাম ও ভবানিপুর কেন্দ্র থেকে প্রতিদ্বন্দ্বিতা করছেন। নির্বাচন কমিশনের ফর্মে কোন থানায় কতগুলি ফৌজদারি মামলা রয়েছে, তা জানানো বাধ্যতামূলক। সেই কারণেই বিরোধী দলনেতা এই তথ্য চেয়েছেন।

**************************

নবনিযুক্ত রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবি গতকাল রাজ্য প্রশাসনের শীর্ষ কর্তা ও পুলিশ আধিকারিকর সঙ্গে এক বৈঠকে মিলিত হন। নতুন মুখ্য সচিব দুষ্যন্ত নারিয়াল, স্বরাষ্ট্র সচিব সংঘমিত্রা ঘোষ, রাজ্য পুলিশের মহা নির্দেশক সিদ্ধিনাথ গুপ্তা এবং কলকাতার পুলিশ কমিশনার অজয় কুমার নন্দ, লোক ভবনে ঐ বৈঠকে উপস্থিত ছিলেন।

রাজ্যের বর্তমান আইনশৃঙ্খলা বিস্তারিত পর্যালোচনা করা হয় বৈঠকে। রাজ্যপাল রাজ্যে আইনের শাসন রক্ষায় উপযুক্ত পরিবেশ গড়ে তোলা এবং আইন ভঙ্গকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন, যাতে সাধারণ মানুষ নির্ভয়ে অবাধ, নিরপেক্ষ ও শান্তিপূর্ণভাবে ভোট দিতে পারেন।

**************************

বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থী তালিকা প্রকাশের পর থেকেই জেলায় জেলায় বিক্ষোভ।

উত্তর ২৪ পরগণার বসিরহাট উত্তর বিধানসভা কেন্দ্রে তৃণমূল কংগ্রেসের প্রার্থীর নাম ঘোষণা হতেই, কর্মী সমর্থকদের মধ্যে বিক্ষোভ দেখা দেয়। দলের ঘোষিত প্রার্থী কলকাতার বাসিন্দা তৃণমূল মুখপাত্র তৌসিফুর রহমানকে বহিরাগত আখ্যা দিয়ে পোস্টার লাগান ক্ষুব্ধ কর্মী সমর্থকরা। এলাকার ভূমি পুত্র এটিএম আবদুল্লাহ-কে প্রার্থী হিসেবে দাবি করেছেন তারা।

যদিও হাসনাবাদ ব্লক তৃণমূল সভাপতি এসকেন্দার গাজী এই ঘটনাকে বিরোধীদের চক্রান্ত বলে উড়িয়ে দিয়েছেন। তাঁর দাবি, হার নিশ্চিত জেনেই বিজেপি কর্মীরা তৃণমূলের লোগো ব্যবহার করে এসব করছে।

বিজেপির পাল্টা দাবি এটি তৃণমূল কংগ্রেসের দীর্ঘদিনের গোষ্ঠীদ্বন্দ্বের ফল।

এদিকে, পূর্ব বর্ধমানের কালনায় বিধানসভায় বিজেপি প্রার্থীর নাম ঘোষণা হতেই বিক্ষোভ দেখা দেয়। প্রার্থী বদলের দাবিতে বৈদ্যপুর মোড়ে টায়ার জ্বালিযে পথ অবরোধ করেন দলীয় কর্মীরা।

উত্তরবঙ্গের মাল বিধানসভা আসনে চা বাগানের বাসিন্দা শুকরা ওঁরাও-কে বিজেপি প্রার্থী করায় সেখানেও কর্মীদের মধ্যে তীব্র ক্ষোভের সঞ্চার হয়।

**************************

মালদার বৈষ্ণবনগর বিধানসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী রাজু কর্মকার বহিরাগত, -এই অভিযোগ করে, এলাকার মানুষ স্বাধীন সরকারকে দলীয় প্রার্থী করতে হবে বলে সরব বিজেপি কর্মীরা। গতরাতে রাস্তায় টায়ার জ্বালিয়ে বীরনগর এলাকায় বিক্ষোভ দেখান তাঁরা। বৈষ্ণবনগরে রাজু কর্মকারের পরিবর্তে স্বাধীন সরকারকে বিজেপি প্রার্থী না করা হলে, প্রয়োজনে ভোট বয়কট করবেন বলে হুঁশিয়ারি দেন তারা।

****************************

নদীয়ার কৃষ্ণনগর দক্ষিণ বিধানসভা কেন্দ্রে, রাজনৈতিক প্রচার শুরু হয়েছে।

ওই কেন্দ্রের বিজেপি প্রার্থী সাধন ঘোষ, আজ সকালে দিগনগরের প্রাচীন রাঘবেশ্বর মন্দিরে পুজো দিয়ে আনুষ্ঠানিকভাবে ভোটের প্রচার শুরু করেন।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেসের প্রার্থী, রাজ্যের বিজ্ঞান, প্রযুক্তি ও জৈব দপ্তরের মন্ত্রী উজ্জ্বল বিশ্বাসও নিজের কাজের খতিয়ান সামনে রেখে ভোটারদের আস্থা অর্জনের চেষ্টা করছেন।

****************************

রাজ্যের শেষ পঞ্চায়েত নির্বাচনে বিজয়ী হওয়ার পরও পাঁচজন প্রার্থীকে শংসাপত্র না দেওয়ার ফলে ফুরফুরা গ্রাম পঞ্চায়েতের পাঁচজন সদস্য পঞ্চায়েত সদস্য হিসাবে কাজ করতে পারছিলেন না। কলকাতা হাইকোর্টের বিচারপতি শুভ্রা ঘোষ অবিলম্বে ঐ বিজয়ী পাঁচ প্রার্থীকে তাদের জয়ের শংসাপত্র দিয়ে দিতে নির্দেশ দিয়েছেন ।

****************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, ২৯শে মার্চ রবিবার, আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩২-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

****************************

মুর্শিদাবাদের বহরমপুরের হরিদাসমাটি এবং নওদায়, গতকাল মোট ১৪ টি বোমা উদ্ধারকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়ায়। পুলিশের অনুমান, বহুদিন আগে থেকেই বোমাগুলি মাটির তলায় রাখা হয়েছিল। জানা গেছে, নওদার কেদারচাঁদপুর ১নং গ্রাম পঞ্চায়েতের এলিয়টনগর এলাকায় গতকাল পদ্মবিলের মাঠে বেশ কিছু বোমা পড়ে

থাকতে দেখেন স্থানীয়রা। নওদা থানার পুলিশকে খবর দিলে ১২ টি বোমা উদ্ধার হয়। অন্যদিকে, হরিদাসমাটি এলাকায় গতকাল দুটি বোমা উদ্ধার করে পুলিশ।
ঘটনার তদন্ত শুরু হয়েছে।

***************************

বাবার মৃত্যুর চারদিন পরে মুর্শিদাবাদের জঙ্গিপুর মহকুমা হাসপাতালের শৌচাগার থেকে বছর ৪৪-এর অরুণ মুখোপাধ্যায় নামে এক বিএসএফ জওয়ানের
ঝুলন্ত দেহ উদ্ধার হয়েছে। শিলিগুড়ির বাসিন্দা অরুণ, বাবা, মা সহ মুর্শিদাবাদের
রঘুনাথগঞ্জে ভাড়া বাড়িতে থাকতেন। তাঁর দাদাও BSF জওয়ান। সম্প্রতি বাবার মৃত্যুর খবর পেয়ে তাঁরা দু'জনেই বাড়ি ফেরেন। পরিবারের সদস্যরা জানিয়েছেন, গতকাল থেকেই অরুণ অসুস্থ বোধ করায় তাঁকে জঙ্গিপুর মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়। পরে বোনের ওড়না নিয়ে তিনি শৌচাগারে যান। কিছুক্ষণ পর গলায় ওড়নার ফাঁস লাগানো অবস্থায় তাঁর ঝুলন্ত দেহ উদ্ধার করে পুলিশ। মৃত্যুর কারণ এখনও জানা যায়নি।

***************************

ইকো পার্ক থানা এলাকায় আজ সকালে একটি অ্যাপ ক্যাব থেকে পুলিশ পঁচিশ লক্ষ টাকা উদ্ধার করেছে। বিধান নগর পুলিশ সূত্রে খবর, চিনার পার্কের কাছে নাকা চেকিং-এর সময় ওই গাড়ির ডিকি থেকে এই টাকা উদ্ধার হয়।
জানা গেছে, মহারাষ্ট্রের বাসিন্দা এক ব্যক্তি, শিয়ালদহ থেকে ওই ক্যাব ভাড়া করেন। তবে এই টাকার সঠিক কাগজপত্র তিনি দেখাতে পারেনি। পুলিশ তাকে আটক করে জিজ্ঞাসাবাদ করছে।

***************************

RG Kar হাসপাতালের ট্রমা কেয়ার সেন্টারে আজ ভোরে, লিফট আটকে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। দমদম নাগের বাজার এলাকার বাসিন্দা বছর ৪০-এর অরূপ বন্দোপাধ্যায় ছেলেকে নিয়ে হাসপাতালে চিকিৎসার জন্য আসেন। ছটা নাগাদ তিনি লিফটে করে ওপরে ওঠার সময়, যান্ত্রিক কারণে সেটি নীচে নেমে গেলে ওই দুর্ঘটনা ঘটে। ডিসি নর্থ, RG Kar-এ গিয়ে ঘটনার বিষয়ে খোঁজ খবর নেন।

***************************

SSKM হাসপাতালে আজ সকালে নতুন গ্যাসট্রো এনট্রোলজি বিভাগের চারতলায় এক চুক্তি ভিত্তিক সাফাই কর্মীর এক ঝুলন্ত দেহ উদ্ধার করে পুলিশ। মৃতের নাম ইমরান সর্দার। মৃতদেহ ময়না তদন্তে পাঠানো হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত করছে।

**************************

আগামীকাল পবিত্র ঈদ উল ফিতর। ১৪৪৭ হিজরির শাওয়াল মাসের চাঁদ না দেখা যাওয়ায় ভারতে ঈদ উদযাপিত হবে আগামীকাল অর্থাৎ ২১ তারিখ।
নাখোদা মসজিদের তরফে গতরাতে এক বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়।

**************************

অনুকূল পরিস্থিতি এবং বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণে জলীয় বাষ্প প্রবেশের কারণে পশ্চিমবঙ্গের প্রায় সব জেলাতেই রবিবার পর্যন্ত ঝড়ো হাওয়া ও বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি এবং শিলাবৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।
বাতাসের গতিবেগও আজ বাড়তে পারে এবং কালবৈশাখীর সম্ভাবনা আছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন।

( বাইট- হাবিবুর )

**************************

যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ ISL ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট, মুম্বাই সিটি এফ সি- র বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। মোহনবাগান পাঁচ ম্যাচে ১৩ পয়েন্ট নিয়ে লিগ তালিকার শীর্ষে রয়েছে। অন্যদিকে তৃতীয় স্থানে থাকা মুম্বাই FC-র পাঁচ ম্যাচে পয়েন্ট এগারো।

*****************************************************************